



নোয়াখালীতে শাপলা কলিতে ভোট দেওয়ায় নারীকে ধর্ষণের অভিযোগ



সংগৃহীত ছবি

নোয়াখালীর হাতিয়া উপজেলার ২নং চাননন্দী ইউনিয়নে শাপলা কলি প্রতীকে ভোট দেওয়ার জেরে এক ৩২ বছর বয়সী তিন সন্তানের জননীকে নিজ ঘরে ধর্ষণ ও শারীরিক নির্যাতনের অভিযোগ উঠেছে।

সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হওয়া ভিডিওতে ভুক্তভোগী নারী অভিযোগ করেছেন, ধর্ষণের ঘটনা বিএনপির হাতে ঘটেছে। বর্তমানে তিনি হাসপাতালে ভর্তি। ভুক্তভোগী নারী স্থানীয় নলেরচর এলাকার একটি আশ্রয়ণ প্রকল্পের বাসিন্দা।

ঘটনাটি নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে তোলপাড় সৃষ্টি হয়েছে। তবে পুলিশের তরফে এখনও ঘটনার সত্যতা নিশ্চিত করা যায়নি।